

প্রেস রিলিজ
২৮ মে ২০২৫

রেমিটেন্স যোদ্ধাদের ভাষাজ্ঞান ও দক্ষতা বৃদ্ধিতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর দ্বার উন্মুক্ত - উপাচার্য, বাউবি



বিদেশগামী কর্মীদের ভাষা ও কারিগরি দক্ষতা উন্নয়নে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) শিক্ষা প্রোগ্রামগুলো গ্রহণের আহ্বান জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বলেন, "আমাদের রেমিটেন্স যোদ্ধারা অনেক সময় বিদেশে প্রাপ্য সম্মান ও সুযোগ থেকে বঞ্চিত হন শুধুমাত্র ভাষাগত দুর্বলতার কারণে। এ বাস্তবতা বিবেচনায় আমরা প্রচলিত শিক্ষার পাশাপাশি ভাষা ও কারিগরি শিক্ষার ওপর জোর দিয়ে প্রোগ্রাম প্রণয়ন করেছি।" তিনি ওমানসহ মধ্য প্রাচ্যের বিভিন্ন দেশে বাউবি পরিচালিত আরবি ভাষায় সার্টিফিকেট কোর্স চালু করার উপর জোর দিয়ে বলেন, আরবি ভাষায় পারদর্শী লোকজনের জন্য এসব দেশে সহজে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়ে থাকে। তাই উপাচার্য "সার্টিফিকেট ইন এ্যারাবিক ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সি" প্রোগ্রামটিও চালু করার উদ্যোগ গ্রহণের জন্য ওমানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতকে আহ্বান জানান।

আজ বুধবার, ২৮ মে ২০২৫, বাংলাদেশ সময় দুপুর ২টা ৩০ মিনিটে গাজীপুরে অবস্থিত বাউবির প্রধান কার্যালয়ে উপাচার্যের দপ্তরের কনফারেন্স রুম থেকে অনলাইনে ওমানে পরিচালিত বহিঃবাংলাদেশ (নিশ-২) প্রোগ্রামের আনুষ্ঠানিকভাবে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম এসব কথা বলেন।

উপাচার্য আরও বলেন, "এই মাহেদ্রক্ষণে আমি আপনার মাধ্যমে ওমানে কর্মরত প্রায় সাড়ে ৮ লাখ বাংলাদেশিকে আহ্বান জানাচ্ছি— বাউবির এসএসসি, এইচএসসি, বিএ/বিএসএস এবং ভাষা শিক্ষাসহ বিভিন্ন প্রোগ্রামে অংশগ্রহণের মাধ্যমে নিজেদের দক্ষতা বাড়িয়ে একটি মর্যাদাপূর্ণ অবস্থানে পৌঁছাতে।"

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত ছিলেন, ওমানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত রিয়ার অ্যাডমিরাল খোন্দকার মিসবাহ উল আজিম। তিনি বলেন, "ওমানে নিযুক্ত বাংলাদেশি কর্মীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে নিশ-২ প্রোগ্রাম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ প্রোগ্রামকে আরও জনপ্রিয় ও কার্যকর করতে হলে ভর্তি প্রক্রিয়া সহজীকরণ, ব্যাংকিং সেবা সময়োপযোগী করা এবং পর্যাপ্ত জনবল নিয়োগ নিশ্চিত করা প্রয়োজন।"

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন এবং উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস আরো বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডিন অধ্যাপক তানভীর আহসান, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. শিরীন সুলতানা। বাউবির ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মো. হাবিবুল্লাহ মাহমুদ, ফোকাল পয়েন্ট ইকরামুল ইসলাম, মাসুদ তালুকদার ও কাজী শারমিন তালুকদার, উপাচার্যের একান্ত সচিব ও যুগ্ম-পরিচালক মোঃ নাসির উদ্দিনসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

ধন্যবাদ জ্ঞাপন করেন, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. শিরীন সুলতানা।

অনুষ্ঠানে অধ্যাপক তানভীর আহসান তাঁর স্কুলের বিএ/বিএসএস প্রোগ্রাম সফলভাবে এগিয়ে নিতে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন এবং বলেন, "নানা প্রতিবন্ধকতা সত্ত্বেও বাউবি এগিয়ে যাবে—এটাই আমাদের প্রত্যাশা।"

অনুষ্ঠান সঞ্চালনা করেন, আন্তর্জাতিক একাডেমিক প্রোগ্রাম উইংয়ের যুগ্ম-পরিচালক সঙ্গীতা মোরশেদ।



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮